রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৪, ২০১৮

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৯৯—৩১২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭০৯—৭২৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৩১—৫৭৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ বৈশাখ ১৪২৫/১৫ এপ্রিল ২০১৮

নং ০৫.০০.০০০০.১৪৬.০১.০৩৬.১৭-১৭৪—সরকারের অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব মনিরুজ্জামান (৪৯৪৪)-কে জাতীয় নদী রক্ষা কমিশন আইন, ২০১৩ এর ৫(১) ধারা অনুসারে ৩ (তিন) বছর মেয়াদে জাতীয় নদী রক্ষা কমিশনের সদস্য (অবৈতনিক) পদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ০৫.০০.০০০০.১৪৬.০১.০৩৬.১৭-১৭৫—মানবাধিকার কর্মী শারমিন সোনিয়া মুর্শিদ-কে জাতীয় নদী রক্ষা কমিশন আইন, ২০১৩ এর ৫(১) ধারা অনুসারে ৩ (তিন) বছর মেয়াদে জাতীয় নদী রক্ষা কমিশনের সদস্য (অবৈতনিক) পদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ০৫.০০.০০০০.১৪৬.০১.০৩৬.১৭-১৭৬**—জনাব মালিক ফিদা আবদুল্লা খান, উপনির্বাহী উপপরিচালক, সিইজিআইএস, ঢাকাকে জাতীয় নদী রক্ষা কমিশন আইন, ২০১৩ এর ৫(১) ধারা অনুসারে ৩ (তিন) বছর মেয়াদে জাতীয় নদী রক্ষা কমিশনের সদস্য (অবৈতনিক) পদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরিফ নাজমুল হাসান**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**

**[বিশেষ আদেশ]**

তারিখ : ০৩ মে ২০১৮ খ্রিঃ

নং **১৯৩/২০১৮/শুল্ক/১৮৭**—

বিষয় : **বিনামূল্যে বা Free of Cost (FOC) এর ভিত্তিতে আমদানিকৃত ও অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল ছাড়করণ।**

সূত্র : ০১। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর এসআরও নং-১৫৩-আইন/৯৩/১৫২০/বন্ড লাইঃ, তারিখ : ০৩-০৮-১৯৯৩;

০২। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নথি নং-৩(১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০১/৭০২(১), তারিখ : ১৩-১২-২০০৩;

০৩। কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র নং-এস-২-৪০/বিবিধ/সাবটিম-১২/২০০১-০৮(অংশ-৩)/৮৬০৭, তাং ২৬-০৪-২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিদ্যমান আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এবং সূত্রোক্ত পত্রসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট বছরের পূর্ববর্তী বছরে (জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত) রপ্তানীকৃত পণ্যের এক-তৃতীয়াংশ পণ্য তৈরি করতে যে পরিমাণ কাঁচামাল প্রয়োজন সে পরিমাণ কাঁচামাল বিনামূল্যে বা Free of Cost (FOC) ব্যাক টু ব্যাক ঋণপত্র ব্যতিরেকে আমদানির সুযোগ রয়েছে, কিন্তু অনেক রপ্তানিমুখী পোশাকশিল্প প্রতিষ্ঠান Free of Cost (FOC) এর আওতায় প্রাপ্যতার অধিক কাঁচামাল আমদানি করেছে যা বিদ্যমান আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এবং সূত্রোক্ত পত্রের আদেশ অনুযায়ী খালাস দেওয়ার সুযোগ নেই।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ) এর অনুরোধক্রমে রপ্তানির স্বার্থে বিশেষ বিবেচনায় সাময়িক ব্যবস্থা হিসেবে The Customs Act, 1969 এর Section 13(2)(C) এবং Section 219(B) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বিনামূল্যে বা Free of Cost (FOC) এর ভিত্তিতে কেবলমাত্র সদ্য আমদানিকৃত ও অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল (ইতোমধ্যে জাহাজীকরণকৃত মালামালসহ) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খালাস করণের জন্য সম্মতি জ্ঞাপন করছে :

(ক) Free of Cost (FOC) এর ভিত্তিতে আমদানিকৃত যে সকল তৈরী পোশাক শিল্পের কাঁচামালের চালান অনুমোদিত এক-তৃতীয়াংশ সীমার মধ্যে রয়েছে, সে সমস্ত কাঁচামালের চালান ইতোমধ্যে ছাড় করা না হয়ে থাকলে, তা অবিলম্বে ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) অনুচ্ছেদ-৩(ক) ব্যতীত Free of Cost (FOC) এর ভিত্তিতে আমদানিকৃত ও অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল (ইতোমধ্যে জাহাজীকরণকৃত মালামালসহ) যাহা অনুমোদিত সীমার অতিরিক্ত, উক্ত চালানসমূহ ছাড়করণের ক্ষেত্রে বিজিএমইএর প্রত্যয়নপত্র, লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র, ইউডি এবং এতদসংশ্লিষ্ট রপ্তানি আদেশের কপি সংশ্লিষ্ট কাস্টম হাউজে দাখিল করতে হবে;

(গ) প্রাপ্ত বিজিএমইএর প্রত্যয়ন পত্র, লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র, ইউডি এবং এতদসংশ্লিষ্ট রপ্তানি আদেশের কপি যাচাই সাপেক্ষে সঠিক বা সন্তোষজনক পাওয়া গেলে Free of Cost (FOC) এর ভিত্তিতে পোশাক শিল্পের উল্লিখিত কাঁচামাল এবারের মত ছাড়করণ করা হবে;

(ঘ) তবে লক্ষ্য রাখতে হবে যে, খালাসকৃত কাঁচামালসমূহের দ্বারা প্রস্তুতকৃত তৈরী পোশাক যথাযথভাবে রপ্তানি না হলে আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য শুল্ক কর আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(ঙ) Free of Cost (FOC) এর ভিত্তিতে কেবলমাত্র উপরে উল্লিখিত অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল ছাড়করণের পর পরবর্তীতে আমদানিকৃত চালানসমূহ খালাস প্রদানের ক্ষেত্রে বিদ্যমান বিধিমালার বিধানসমূহ প্রযোজ্য হবে;

(চ) তবে, বন্ধ অথবা অস্তিত্বহীন তৈরী পোশাক শিল্প কারখানার ক্ষেত্রে উপরোক্ত বিশেষ আদেশ কোনক্রমেই প্রযোজ্য হবে না।

**ফরিদা ইয়াসমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**সঞ্চয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৪১.২৩.০১৩.১৭-১৩৩**—The Wage Earner Development Bond Rules, 1981 (Amendment 2011) এর Rule-14 এর Sub-rule (4), The U.S Dollar Investment Bond Rules, 2002 Rule 14 এবং The U.S Dollar Premuim Bond Rules, 2002 এর বিধি 14(4) এ বর্ণিত শর্ত পরিপালন করায় নিম্নবর্ণিত ৯ (নয়) জন বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি)র সিআইপি কার্ডের মেয়াদ ২০১৮ সালের (০১-০১-২০১৮—৩১-১২-২০১৮) জন্য নবায়ন করা হলো :

| ক্র. নং | বিনিয়োগকারীর নাম | ঠিকানা | | বিনিয়োগকৃত বন্ডের নাম |
|---|---|---|---|---|
| | | স্থায়ী | বর্তমান | |
| ১. | জনাব রফিকুল ইসলাম মিয়া আরজু | সেকশন-৭, বাড়ি নং-১, রোড নং-২০, ফ্ল্যাট নং-এ৪, উত্তরা, ঢাকা। | ফ্ল্যাট নং-১১, বাড়ি নং-৪/৩, এসটি, বেরেগোভায়া, মস্কো, রাশিয়া। | ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড |
| ২. | জনাব মোঃ মাহবুবুল আলম | ৩৫৮/এ, খিলগাঁও, রোড নম্বর-২০, ঢাকা-১২১৯। | এপার্টমেন্ট নম্বর-৮৪, বিল্ডিং নম্বর-১, হাউজ নম্বর-১৮, বালাক্লাবস্কি প্রসপেক্ট সড়ক, মস্কো-১১৭৪৫২। | |
| ৩. | ড. কাজী গিয়াস উদ্দিন | ৩-১, সিটি লেন, আনন্দপুর, সাভার, ঢাকা। | ১-৪২-৩, মিনামী, ম্যাগমি, ওটিএ-কেইউ, টোকিও, জাপান। | ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড |
| ৪. | জনাব মীর রাসেল সুজন | গ্রাম-চিথনিয়া, ডাকঘর-পোড়াদহ, থানা-মিরপুর, জেলা-কুষ্টিয়া। | পোস্ট বক্স নং-৯৪৩৫৯, রিয়াদ, ১১৬৯৩, সৌদি আরব। | |
| ৫. | সৈয়দ এ. কে. আনোয়ারুজ্জামান | হাউস নং-এসই-৪, রোড নং-১৩৭, গুলশান-১, ঢাকা। | বিএলডিএস মেটিরিয়ালস, এলএলসি, পোস্ট বক্স-১৫৮৪০, দুবাই, সংযুক্ত আরব আমিরাত। | |
| ৬. | জনাব আরিফ আহমেদ চৌধুরী | হাউজ নং-১০/এ, রোড-৭৯, গুলশান-২, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ, এপার্টমেন্ট নং-৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। | |
| ৭. | জনাব আসিফ আহমেদ চৌধুরী | ঐ | ঐ | |
| ৮. | বেগম সায়রা চৌধুরী | ঐ | ঐ | ইউএস ডলার প্রিমিয়াম বন্ড |
| ৯. | ডা. মোঃ আফতাব হোসেন | পারিজাত-৮৮, পাবলা ক্রস রোড নং-২, দৌলতপুর, খুলনা। | Managing Director and Lead Clinician, Aston Healthcare Ltd, Liverpool, L36OUB, UK, Governing Body Member and Prescribing Lead, Knowsley CCG, NHS, England. | ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড |

২। উক্ত বিনিয়োগকারীগণ The Wage Earner Development Bond Rules, 1981 (Amendment 2011) এবং The U.S Dollar Investment Bond Rules, 2002 এর বিধি 14 এবং The U.S Dollar Premium Bond Rules, 2002 এর বিধি 14(4) তে বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে সিআইপি সুবিধা ভোগ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ডা. মোঃ হামিদুল হক**
উপসচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ : ২৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৮ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং আর-৬/৭এন-০৮/২০১৮-১৪২—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব প্রদীপ দাস, পিতা-নির্মলেন্দু দাস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

## বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ : ১২ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৬৫/৭৬(অংশ)-২৪৬—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ হাছানুজ্জামান, পিতা-মোঃ বদিউজ্জামান, মাতা-পেয়ারা বেগম, গ্রাম-রামপুর, ডাকঘর-কামরাঙ্গা, উপজেলা-চাঁদপুর, জেলা-চাঁদপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার সদর উপজেলার ৫ নং রামপুর ইউনিয়নের ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৬ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-১৬/৭২(অংশ)-২৫৩—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ জাকির হোসেন, পিতা-সাইফুল ইসলাম, মাতা-জামিলা খাতুন, গ্রাম-মেঘাই, ডাকঘর-মেঘাই, উপজেলা-কাজিপুর, জেলা-সিরাজগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার ০৫ নং কাজিপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৪৬/০৪-২৫৪—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ সিরাজুল ইসলাম সেখ, পিতা-মৃত ওসমান গণি সেখ, মাতা-মোছাঃ রহিমা বেগম, গ্রাম-পদম পাল, ডাকঘর-কালিদাস গাঁতী, উপজেলা-সিরাজগঞ্জ, জেলা-সিরাজগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার ০৩ নং বহুলী ইউনিয়নের ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন-৬ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৩ বৈশাখ ১৪২৫/২৬ এপ্রিল ২০১৮

নং ২৫.০০.০০০০.০১৯.০২.০১৪.৯৯-২৪৬—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ ১৯৫৯ এর ৪(১) ধারা বলে সরকার নিম্নবর্ণিত ৪(চার) জনকে ১০ মে ২০১৮ হতে ০৯ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত ৬(ছয়) মাসের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করলেন :

(ক) জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, পিতা-মরহুম মজিবুল হক, গ্রাম-রঘুনাথপুর, থানা-জোরারগঞ্জ, উপজেলা-মীরসরাই, জেলা-চট্টগ্রাম।

(খ) স্থপতি সোহেল মোহাম্মেদ শাকুর, পিতা-মরহুম এম এ শাকুর চৌধুরী, গ্রাম-কলাউজান, উপজেলা+থানা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম।

(গ) জনাব মোহাম্মদ জসিম উদ্দীন শাহ্, পিতা-মরহুম হাজী ঠান্ডা মিয়া সওদাগর, উইন্টার সান, ফ্ল্যাট নং-ই-২, বাড়ী নং-১০, রোড-০৫, নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম।

(ঘ) জনাব কে. বি. এম শাহজাহান, পিতা-মরহুম কে. বি. এম সিরাজউদ্দিন আহমেদ, ১১৮ মুরাদপুর, রাজামিয়া ভবন, সি. ডি. এ. এভিনিউ, পাঁচলাইশ, চট্টগ্রাম।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ১০ মে ২০১৮ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**
উপসচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ : ০৪ বৈশাখ ১৪২৫/১৭ এপ্রিল ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৪.০৪০.১২(অংশ-১)-৭০—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্র: নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | কল্যানশ্রী | ৪০ | বাটিয়াঘাটা | খুলনা |
| ২ | রায়পুর | ৫১ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৩ | বুনা | ৫৩ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৪ | কেতেনাংলা | ৫৯ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৫ | বিরাট | ৭১ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৬ | ভাদাইল | ৭৩ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৭ | কদমতলা | ৭৬ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৮ | খারাবাদ | ৯০ | বাটিয়াঘাটা | খুলনা |
| ৯ | কড়িয়াভিটা | ৯৮ | বাটিয়াঘাটা | খুলনা |
| ১০ | করেরঢোন | ১০০ | বাটিয়াঘাটা | খুলনা |
| ১১ | ধাদুয়া | ১১৩ | বাটিয়াঘাটা | খুলনা |
| ১২ | নোমাইলতলা | ১৩১ | বাটিয়াঘাটা | খুলনা |
| ১৩ | কালিয়ানী | ১২ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরাা |
| ১৪ | পানিতার চক | ৩০ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ১৫ | হাচিমপুর | ৬৬ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ১৬ | ভাটপাড়া | ৭৬ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ১৭ | রামদেবপুর | ৯৬ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ১৮ | আরাজি মনোহরপুর | ৬০ | তালা | সাতক্ষীরা |
| ১৯ | মান্দ্রা | ৩১ | তালা | সাতক্ষীরা |
| ২০ | পরানপুর | ৬৭ | তালা | সাতক্ষীরা |
| ২১ | রাজপুর | ১২ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২২ | নাথপুর | ১৯ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৩ | নাঙ্গলঝাড়া | ৩২ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৪ | ইলিসপুর | ৫১ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৫ | ভিখালী | ৫২ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৬ | কাশিয়াডাঙ্গা | ৬৩ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৭ | কয়লা | ৬৭ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৮ | শ্রীপতিপুর | ৬৮ | কলারোয়া | সাতক্ষীরা |
| ২৯ | শুভংকরকাটী | ৭৩ | কলারোয়া | সাতক্ষীরা |
| ৩০ | জয়নগর চক | ১১৬ | কলারোয়া | সাতক্ষীরা |
| ৩১ | কামালকাটী | ১১ | আশাশুনী | সাতক্ষীরা |
| ৩২ | রাইতাড়া | ১১০ | আশাশুনী | সাতক্ষীরা |
| ৩৩ | পশ্চিম পিপুলজুড়ী | ১৮ | কচুয়া | বাগেরহাট |
| ৩৪ | ঘোনারহুলা | ৩৩ | কচুয়া | বাগেরহাট |
| ৩৫ | কাকারবিল | ৬৬ | কচুয়া | বাগেরহাট |
| ৩৬ | নসদিক পিঙ্গরিয়া | ৭২ | কচুয়া | বাগেরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

## শিল্প মন্ত্রণালয়
## বৈদেশিক প্রশিক্ষণ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৪ এপ্রিল ২০১৮

নং ৩৬.০০.০০০০.০৫২.২৩.০০৮.১২(অংশ-১)-২১৫—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহকে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬" প্রদান করা হয়েছে।

১। ক্যাটাগরি "এ" : বৃহৎ শিল্প

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | প্রিমিয়ার সিমেন্ট মিলস লিমিটেড টি. কে ভবন (১৩ তলা), ১৩, কাওরান বাজার, ঢাকা। | ১ম |
| ০২ | মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড ৬১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। | ২য় |
| ০৩ | আরএফএল প্লাস্টিকস লিমিটেড প্রাণ আরএফএল সেন্টার, ১০৫, মধ্যবাড্ডা, ঢাকা। | ৩য় |

২। ক্যাটাগরি "বি" : মাঝারী শিল্প

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | বঙ্গ প্লাস্টিক ইন্টারন্যাশনাল লিমিটেড প্রাণ আরএফএল সেন্টার, ১০৫, মধ্যবাড্ডা, ঢাকা। | ১ম |
| ০২ | প্রাণ ফুডস্ লিমিটেড সি-১০৫/এ, প্রগতি সরণি, মধ্যবাড্ডা, গুলশান, ঢাকা। | ২য় |
| ০৩ | গ্রাফিকপিপল প্লট-৭৬/এ, রোড-১১ ব্লক-এম, বনানী, ঢাকা-১২১৩। | ৩য় |

৩। ক্যাটাগরি "সি" : ক্ষুদ্র শিল্প

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | রংপুর ফাউন্ড্রি লিমিটেড প্রাণ আরএফএল সেন্টার, ১০৫, মধ্যবাড্ডা, ঢাকা। | ১ম |
| ০২ | সিনথেটিক এডেসিভ কোং লি. মান্নান ভবন (৩য় তলা), ১৫৬, নূর আহম্মদ সড়ক, চট্টগ্রাম। | ২য় |

৪। ক্যাটাগরি "ডি" : মাইক্রো শিল্প

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | একাডেমিক বুক হাউস ৩৮, পি. কে রায় রোড, বাংলাবাজার (৩য় তলা), ঢাকা। | ১ম |

৫। ক্যাটাগরি "এফ" : রাষ্ট্রায়ত্ত শিল্প

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | কেরু এ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, চিনি শিল্প ভবন, ৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। | ১ম |
| ০২ | ইস্টার্ন কেবল্স্ লিমিটেড উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম। | ২য় |
| ০৩ | গাজী ওয়্যারস্ লিমিটেড বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বিএসইসি ভবন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা। | ৩য় |

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. জেড. এম. শরীফ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## সুরক্ষা সেবা বিভাগ
## শৃঙ্খলা শাখা-০১

### প্রজ্ঞাপন

তারিখ : ০২ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৫৮.০০.০০০০.০৭৬.০১.০০৯.১৭-১৬—যেহেতু, জনাব মোঃ মাহবুব কবির খাগড়াছড়ি জেলা কারাগারে জেলার পদে কর্মরত থাকাকালে (বর্তমানে উপ-তত্ত্বাবধায়ক হিসেবে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ কর্মরত) গত ১৫-০৭-২০১৭ খ্রিঃ তারিখ সকাল আনুমানিক ৯-৫০ টার সময় খাগড়াছড়ি জেলা কারাগারের বন্দীদের খাদ্য গুদাম হতে ০৮ বস্তা চাল স্থানীয় শাহিনুর ট্রেডার্স নামক একটি ব্যবসা প্রতিষ্ঠানে বিক্রি করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে কারা উপ-মহাপরিদর্শক, চট্টগ্রাম বিভাগ এর মাধ্যমে সঠিক তথ্য সম্বলিত প্রতিবেদন সংগ্রহ করা হয়েছে। একই বিষয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি এর নিকট হতেও একটি তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। উভয় প্রতিবেদনেই কারাগারের ০৮ বস্তা চাউল অবৈধভাবে বাজারে বিক্রি করার অভিযোগে জেলার জনাব মোঃ মাহাবুব কবীরকে দায়ী হিসেবে চিহ্নিত করা হয়েছে;

যেহেতু, বর্ণিত তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে তাঁর কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থি হওয়ায় গত ১৭-১২-২০১৭ খ্রিঃ তারিখে জনাব মোঃ মাহবুব কবির এর বিরুদ্ধে কারা বিধি ১ম খন্ডের ১৬২, ২৪২, ২৬৪, ১১২২ বিধি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ২ (এফ) অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত হওয়ায় একই বিধিমালার ৩ (বি) ধারায় অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৭-০১-২০১৮ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান পূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৮-০৩-২০১৮ খ্রি. তারিখে জনাব মোঃ মাহবুব কবির এর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি নিজেকে নির্দোষ দাবী করে বিভাগীয় মামলা থেকে অব্যাহতি চান। এরপরও অনিচ্ছাকৃতভাবে তার নিজের অজান্তে কোন ভুল ত্রুটি করে থাকলে এর জন্য ক্ষমা প্রার্থনা করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর পর তাঁর বিরুদ্ধে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, কারণ দর্শানো নোটিশের জাবাব ও অন্যান্য বিষয়াদি পর্যালোচনার পর সার্বিক বিষয়াদি বিবেচনাপূর্বক জনাব মোঃ মাহবুব কবির এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে রুজুকৃত মামলায় অভিযুক্ত করে সরকার তাঁকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

যেহেতু, জনাব মোঃ মাহবুব কবির, উপ-তত্ত্বাবধায়ক, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ (পূর্বতন জেলার, খাগড়াছড়ি জেলা কারাগার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(১)(২) এর এ বিধি অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

**ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ বৈশাখ ১৪২৫/২৩ এপ্রিল ২০১৮

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩২৮—ঢাকা জেলার আদাবর থানার মামলা নং-১০(১০)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্নসহ দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি বিপন্ন করার ষড়যন্ত্রে লিপ্ত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-৩২৯—ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা থানার সাধারণ ডায়রী নং-১৭, তারিখ: ০১-০৩-২০১৮ এর তদন্তে এবং ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার লিফলেট পরীক্ষান্তে আসামীদের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র রাষ্ট্রদ্রোহিতার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৪(ক) ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৫/৩০ এপ্রিল ২০১৮

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩৪১—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-৬২(১১)১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের সমর্থনে জনগণকে সম্পৃক্ত করার চেষ্টায় ও নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের প্রচারপত্র বিতরণ করাসহ নিজ হেফাজতে রাখা এবং বাংলাদেশ রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডে লিপ্ত থাকার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩৪২—ঢাকা জেলার রমনা মডেল থানার মামলা নং-০২(০৩)১৭ এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত ব্যাগ, সিমসহ মোবাইল সেট, খাতা, ডিস্ক ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে পরস্পর যোগসাজসে নিষিদ্ধ সত্তাকে সমর্থন, অপরাধ সংগঠনের প্রচেষ্টা ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩৪৩—ঢাকা জেলার উত্তরা পশ্চিম থানার মামলা নং-২২(০২)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত ব্যাগ, বিভিন্ন প্রকার জিহাদী বই, মোবাইল সেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত সংগঠনকে সমর্থন করে সংগঠনের সদস্যপদ লাভ, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র ও প্ররোচনা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩৪৪—ঢাকা জেলার শাহজাহানপুর থানার মামলা নং-৩৪(১০)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই, লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পারস্পরিক সহযোগিতার মাধ্যমে দেশে অখন্ডতা, সংহতি, জননিরাপত্তা সার্বভৌমত্ব বিপন্ন করার লক্ষ্যে জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করা এবং সরকারি সম্পত্তির ক্ষতির সাধন ও ধ্বংস করার সক্রিয় ষড়যন্ত্রে লিপ্ত এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করতে রাষ্ট্রবিরোধী লিফরেট, কম্পিউটার ইত্যাদি নিজ দখলে ও নিয়ন্ত্রণে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩৪৫**—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-১০, তারিখ : ০৫-০১-২০১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত গাড়ী ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পুলিশের দায়িত্ব পালনে বাধাদান করতঃ পুলিশের উপর আক্রমণ করে সাধারণ ও গুরুতর জখম ও রাস্তায় চলমান যানবাহনে ভাংচুর, অগ্নিসংযোগ ও বিস্ফোরক দ্রব্য ফাটিয়ে জনমনে আতংক সৃষ্টি করে সম্পত্তির ক্ষতি সাধন ও জানমালের নিরাপত্তা বিঘ্নিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৮-৩৪৬**—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-৬১ তারিখ : ২১-০৯-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত ককটেল, চাইনিজ কুড়াল, চাপাতি, ছোরা ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিস্ফোরণ দ্বারা নাশকতা সৃষ্টির মাধ্যমে সাধারণ জনগণের জান-মালের ক্ষতি ও জনমনে আতংক সৃষ্টি করে নিরাপত্তা বিঘ্নিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

---

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ**

**পরিবীক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ বৈশাখ ১৪২৫/০৬ মে ২০১৮

**নং ০৭.০০.০০০০.০৯৭.০০.০০৭.২০১৬-৪৩**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) শীর্ষক প্রকল্পের অনুকূলে উন্মুক্ত পদ্ধতিতে "দরপত্র/প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে পূর্বে গঠিত কমিটির স্থলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী নিম্নরূপে একটি সংশোধিত দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি (TEC/PEC) নির্দেশক্রমে গঠন করা হলো :

| | |
|---|---|
| | **চেয়ারপার্সন** |
| ১ | উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (ফান্ড ম্যানেজমেন্ট), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ |
| | **সদস্যবৃন্দ** |
| ২ | সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (পাবলিক-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ |
| ৩ | সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (প্রাইভেট-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ |
| ৪ | ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর একজন মনোনীত কর্মকর্তা |
| ৫ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর সিনিয়র সহকারী প্রধান পর্যায়ের একজন মনোনীত কর্মকর্তা |
| ৬ | সিনিয়র সহকারী সচিব, রাজস্ব নীতি-১ শাখা, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| | **সদস্য-সচিব** |
| ৭ | সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (এফএম-৩), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ |

২। মূল্যায়ন কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে:

(ক) আবেদনপত্র, দরপত্র আগ্রহ ব্যক্তকরণপত্র বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন করবেন;

(খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

**মোহাম্মদ ফিজনূর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫/১০ মে ২০১৮

নং ০৯.০০.০০০০.১২৪.২৪.০২৭.১৭-১১১—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়িতব্য "Southwest Transmission Grid Expansion Project"-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকারের পক্ষে লোন নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হলো :

(ক) জনাব মুহাঃ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পক বিভাগ, ঢাকা - দলনেতা
(খ) জনাব মোঃ মঈনুল কবির, যুগ্মসচিব (ড্রাফটিং), লেজিনলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ - সদস্য
(গ) জনাব মোঃ হাসানুল মতিন, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় - সদস্য
(ঘ) জনাব জান্নাতুল ফেরদৌস, উপসচিব, ফাবা-৩ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা - সদস্য
(ঙ) ড. শাহ্ মোঃ হেলাল উদ্দীন, উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ - সদস্য
(চ) ড. রনজিৎ কুমার সরকার, পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা - সদস্য
(ছ) মিজ তাহমিনা তাছলীম, সিনিয়র সহকারী প্রধান (বিদ্যুৎ) পরিকল্পনা কমিশন, ঢাকা - সদস্য
(জ) জনাব প্রনব কুমার রায়, প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) - সদস্য
(ঝ) জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, উপসচিব (এডিবি-৪), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা - সদস্য

২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান ঃ

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১৪ মে ২০১৮ খ্রিঃ | সকাল ১০.০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

তারিখ : ৩০ বৈশাখ ১৪২৫/১৩ মে ২০১৮

নং ০৯.০০.০০০০.১২৪.২৪.০০৪.১৭-১১৫—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়িতব্য "Off-grid Solar Photovoltaic Water Pumping Systems Component" under the Loan No. 2769-BAN: Power Efficiency Improvement Project-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকারের পক্ষে অনুদান নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হলো:

(ক) জনাব মুহাঃ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা - দলনেতা
(খ) জনাব মোঃ মঈনুল কবির, যুগ্মসচিব (ড্রাফটিং), লেজিনলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ - সদস্য
(গ) জনাব শেখ রিয়াজ আহমেদ, পরিচালক (যুগ্মসচিব), নবায়নযোগ্য জ্বালানি, স্রেডা - সদস্য
(ঘ) জনাব মোঃ হাসানুল মতিন, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় - সদস্য
(ঙ) জনাব জান্নাতুল ফেরদৌস, উপসচিব, ফাবা-৩ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা - সদস্য
(চ) ড. শাহ্ মোঃ হেলাল উদ্দীন, উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ - সদস্য
(ছ) জনাব পুলক কান্তি বড়ুয়া, পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা - সদস্য
(জ) জনাব মোহাম্মদ তারিফুল বারী, সিনিয়র সহকারী প্রধান (বিদ্যুৎ উইং) পরিকল্পনা কমিশন, ঢাকা - সদস্য
(ঝ) জনাব মোঃ বেলায়েত হোসেন, প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) - সদস্য
(ঞ) জনাব এস, এম, জাফর সাদেক, প্রধান প্রকৌশলী (পওপ), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) - সদস্য
(ট) জনাব মোঃ সারোয়ার হোসেন, উপ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) - সদস্য
(ঠ) জনাব ক্ষিতীশ চন্দ্র বিশ্বাস, প্রকল্প পরিচালক, ৪৫০ মেঃওঃ সিসিপিপি (নর্থ), আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ - সদস্য
(ড) জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, উপসচিব (এডিবি-৪), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা - সদস্য

২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান ঃ

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১৬ মে ২০১৮ খ্রিঃ | সকাল ৯.৩০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত অনুদান নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ অলিউল্লাহ মিয়া**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[কাস্টমস]**

**সংশোধনী আদেশ**

তারিখ : ০৬ মে ২০১৮

**বিষয় ঃ- জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৪২/২০১৭/ কাস্টমস/১৯৯, তাং-০২-০৫-১৭ সংশোধন।**

**নং ১৯৫/২০১৮/কাস্টমস/১৯৭**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অবহিত করা যাইতেছে যে, The Customs Act, 1969 এর Section-13 ও এর সাথে পঠিতব্য Section-219(B) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড হতে গত ০২-০৫-১৭ তারিখে স্থায়ী আদেশ নং-৪২/২০১৭/কাস্টমস/১৯৯ এর মাধ্যমে জারীকৃত [জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৫৫/২০১৭/কাস্টমস/১৯৯, তাং ০৫-০৬-১৭ইং এবং স্থায়ী আদেশ নং-২৮৮/২০১৭/কাস্টমস/৫২৯, তাং-০২-০৫-১৭ ইং এর মাধ্যমে সংশোধিত] 'The Customs (Economic Zones) Procedures, 2017' এর Clause-17 এর Sub-clause-(a) নিম্নরূপে প্রতিস্থাপন করা হইল :

"Each Zone shall be bounded with security walls not less than 07 (seven) feet. The security wall will be constructed with permanent secured convergent barbed boundary fencing not less than 03 (three) feet. Suitable check posts may be established after approval of the Commissioner of Customs (Bond)."

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ফরিদা ইয়াসমীন**
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২০ বৈশাখ ১৪২৫/০৩ মে ২০১৮

**নং ৩৯.০০.০০০০.০০৬.১২.০৩১.১৬-১৯৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-০৪-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১২.০২৭.১৮-১০০ সংখ্যক স্মারক অনুসারে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের নিম্নোক্ত কর্মচারীকে কমিশনের সদস্য (পরিকল্পনা) (গ্রেড-২) পদে নিয়োগ প্রদান করা হলো :

| কর্মচারীর নাম, পদবি, কর্মস্থল, গ্রেডেশন নম্বর ও জন্ম তারিখ | নিয়োগকৃত পদ |
|---|---|
| ড. ইমতিয়াজ কামাল<br>সদস্য, পরিকল্পনা (চলতি দায়িত্ব) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা<br>গ্রেডেশন নং-০১<br>জন্ম তারিখ : ২৮-০৮-১৯৬০ | সদস্য (পরিকল্পনা) গ্রেড-২ |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৯.০০.০০০০.০০৬.১২.০০২.১৭-১৯৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-০৪-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১২.০২১.১৮-৯৯ সংখ্যক স্মারক অনুসারে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের নিম্নোক্ত কর্মচারীকে কমিশনের সদস্য (ভৌতবিজ্ঞান) (গ্রেড-২) পদে নিয়োগ প্রদান করা হলো :

| কর্মচারীর নাম, পদবি, কর্মস্থল, গ্রেডেশন নম্বর ও জন্ম তারিখ | নিয়োগকৃত পদ |
|---|---|
| জনাব মাহবুবুল হক<br>সদস্য, ভৌতবিজ্ঞান (চলতি দায়িত্ব) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা<br>গ্রেডেশন নং-০১<br>জন্ম তারিখ : ০২-০১-১৯৬১ | সদস্য (ভৌতবিজ্ঞান) গ্রেড-২ |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসেন**
উপসচিব।

## ভূমি মন্ত্রণালয়

## জরিপ শাখা-২

## বিজ্ঞপ্তি

তারিখ : ২০ বৈশাখ ১৪২৫/০৩ মে ২০১৮

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০-৮৩**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | খামার ধল্লা | ৮০ | নাগরপুর | টাঙ্গাইল |
| ২ | কোকাদাইর | ২৭ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৩ | সাকাইল | ১৫ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৪ | দুপ্তীঐর | ১০৫ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৫ | পাইকশা | ৫৬ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৬ | জাঙ্গালিয়া | ৭৫ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৭ | নঙ্গিনাবাড়ী | ৮২ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৮ | কদিম কাগনা | ৯৮ | নাগরপুর | টাঙ্গাইল |
| ৯ | বেটুয়াজানি | ১৮৫ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১০ | রামচন্দ্রপুর | ১৪৮ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১১ | বেকরা | ৫৩ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১২ | বীর বরটিয়া | ৬২ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৩ | পচা সাটিয়া | ২৯ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৪ | তরফ রামঘনিপাড়া | ৫৯ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৫ | ধুবরিয়া | ১১৫ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৬ | বারাপুষা | ৮৭ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৭ | সাহাজানী | ০৪ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৮ | কোনরা | ১৯৬ | নাগরপুর | টাঙ্গাইল |
| ১৯ | রাউতারা | ২০৭ | নাগরপুর | টাঙ্গাইল |
| ২০ | মোখনা | ১৯১ | নাগরপুর | টাঙ্গাইল |
| ২১ | সারটিয়াগাজি | ১৩০ | নাগরপুর | টাঙ্গাইল |
| ২২ | দেওজান সলিল | ১৪ | নাগরপুর | টাঙ্গাইল |
| ২৩ | আদাবাড়ী | ০২ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৪ | জামুরকি | ০৮ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৫ | গোরাকি | ৬৩ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৬ | ফতেপুর | ৯১ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৭ | ভাওরা | ১৪৭ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৮ | হারিয়া | ১৫২ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২৯ | রামচন্দ্রপুর | ২৩ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩০ | দরি চৈথটি | ২৮ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩১ | মধ্যর্কণা | ৬৯ | ঘাটাইল | টাঙ্গাইল |

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ৩২ | গৌরিশ্বর | ১০০ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৩ | মনোহরা | ১০৪ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৪ | শিমলাকান্দা | ১০৬ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৫ | বাশকাইল | ১০৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৬ | গৌরাঙ্গী | ১৩৫ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৭ | দত্তগ্রাম | ১৪৪ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৮ | কালিয়াগ্রাম | ১৫৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩৯ | দত্তগ্রাম | ১৬৬ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৪০ | জগতেরপাড়া | ২০০ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৪১ | মাকরাই ভবানী | ২৪৩ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৪২ | ময়ানপুর মুন্ডুমালা | ২৫৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৪৩ | সংগ্রামপুর | ২৬৩ | ঘাটাইল | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ : ১৫ চৈত্র ১৪২৪/২৯ মার্চ ২০১৮

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৭.১৬-৮৫**—যেহেতু, জনাব নিখিল চন্দ্র হালদার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝালকাঠি)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব তানভীর আহমেদ, উপসচিব (উন্নয়ন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক তার ১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব নিখিল চন্দ্র হালদার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝালকাঠি)-এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করা হলো। স্থগিতকৃত বেতন বৃদ্ধি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত পত্র]

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/২৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০৩.১৭-৬৪৭—২৮ মে, ২০১৮ খ্রিস্টাব্দ/১৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ৩৬ (ছত্রিশ) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | কাজী আজহার আলী মডেল উচ্চ বিদ্যালয়, সাঘাটা, গাইবান্ধা |
| ২. | কোটালীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশন (পাইলট), কোটালীপাড়া, গোপালগঞ্জ |
| ৩. | তাড়াইল পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, তাড়াইল, কিশোরগঞ্জ |
| ৪. | আমতলী এ. কে. মডেল পাইলট হাই স্কুল, আমতলী, বরগুনা |
| ৫. | মধুপুর রাণী ভবানী মডেল উচ্চ বিদ্যালয়, মধুপুর, টাঙ্গাইল |
| ৬. | ফুলবাড়ী জছিমিঞা মডেল উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| ৭. | বনওয়ারীনগর সি. বি. পাইলট উচ্চ বিদ্যালয়, ফরিদপুর, পাবনা |
| ৮. | রতনদিয়া রজনীকান্ত মডেল উচ্চ বিদ্যালয়, কালুখালী, রাজবাড়ী |
| ৯. | হাজী আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া |
| ১০. | থানাহাট এ. ইউ পাইলট উচ্চ বিদ্যালয়, চিলমারী, কুড়িগ্রাম |
| ১১. | বামৈ উচ্চ বিদ্যালয়, লাখাই, হবিগঞ্জ |
| ১২. | ঘাটাইল গণ পাইলট উচ্চ বিদ্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল |
| ১৩. | কুলিয়ারচর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ |
| ১৪. | নবীন চন্দ্র মডেল উচ্চ বিদ্যালয়, কুলাউড়া. মৌলভীবাজার |
| ১৫. | সূতী ভি. এম পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল |
| ১৬. | পাথরঘাটা কে এম মডেল মাধ্যমিক বিদ্যালয়, পাথরঘাটা, বরগুণা |
| ১৭. | বাগাতিপাড়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বাগাতিপাড়া. নাটোর |
| ১৮. | বিশ্বম্ভরপুর মডেল উচ্চ বিদ্যালয়, বিশ্বম্বরপুর, সুনামগঞ্জ |
| ১৯. | বালিয়াকান্দি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, বালিয়াকান্দি, রাজবাড়ী |
| ২০. | শাক্তা উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা |
| ২১. | লালমোহন মডেল মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা |
| ২২. | সাভার অধরচন্দ্র উচ্চ বিদ্যালয়, সাভার, ঢাকা |
| ২৩. | আজমিরীগঞ্জ এ. বি. সি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ |
| ২৪. | ভেদরগঞ্জ হেডকোয়ার্টার পাইলট উচ্চ বিদ্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর |
| ২৫. | নওহাটা উচ্চ বিদ্যালয়, পবা, রাজশাহী |
| ২৬. | পাকুন্দিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ |
| ২৭. | সুবিদখালী রহমান ইস্হাক পাইলট মাধ্যমিক উচ্চ বিদ্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী |
| ২৮. | গুরুদাসপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, গুরুদাসপুর, নাটোর |
| ২৯. | ভুরুঙ্গামারী পাইলট উচ্চ বিদ্যালয়, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম |
| ৩০. | বেতাগী পাইলট উচ্চ বিদ্যালয়, বেতাগী, বরগুনা |
| ৩১. | ভূঞাপুর পাইলট উচ্চ বিদ্যালয়, ভূঞাপুর, টাঙ্গাইল |
| ৩২. | নলডাঙ্গা উচ্চ বিদ্যালয়, নলডাঙ্গা, নাটোর |
| ৩৩. | বানারীপাড়া মডেল ইউনিয়ন ইনস্টিটিউশন (পাইলট), বানারীপাড়া, বরিশাল |
| ৩৪. | ইদিলপুর পাইলট উচ্চ বিদ্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর |
| ৩৫. | কাঠালিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, কাঠালিয়া, ঝালকাঠী |
| ৩৬. | রাজাপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, রাজাপুর, ঝালকাঠী |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১২ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৬.০৬.১১৮**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ফার্মেসি আইন ২০১৩ (বিশেষ বিধান) এর (ফার্মেসি অধ্যাদেশ ১৯৭৬) ধারা ৪(২) অনুযায়ী সরকার কর্তৃক মনোনীত সদস্যের সংখ্যা গেজেট নোটিফিকেশনের মাধ্যমে মন্ত্রণালয় হ্রাস-বৃদ্ধি করতে পারে।

এমতাবস্থায়, ফার্মেসি আইন ২০১৩ (বিশেষ বিধান) এর (ফার্মেসি অধ্যাদেশ ১৯৭৬) ধারা ৪(২) অনুযায়ী মনোনীত সদস্যের সংখ্যা নির্দেশক্রমে ০৪(চার) জনের পরিবর্তে ০৫(পাঁচ) জনে উন্নীত করা হলো।

নং **৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৬.০৬.১২০**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪-০৯-২০১৪ তারিখের স্বাপকম/চিশি-২/ফার্মেসি-০৩/২০০৬(অংশ)/৬২৫ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে ফার্মেসি আইন ২০১৩ (বিশেষ বিধান) এর (ফার্মেসি অধ্যাদেশ ১৯৭৬) ধারা ৪(১) এবং ৭(১) মোতাবেক নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে উক্ত আইনের ৩ ও ৬ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল পুনর্গঠন করা হলো।

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | পদাধিকারবলে | সভাপতি |
| (২) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা | পদাধিকারবলে | সদস্য |
| (৩) | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা | পদাধিকারবলে | সদস্য |
| (৪) | চেয়ারম্যান, ফার্মেসি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | পদাধিকারবলে | সদস্য |
| (৫) | জনাব মোঃ রাব্বুর রেজা<br>সিইও, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ | সরকার কর্তৃক মনোনীত<br>(রেজিস্টার্ড ফার্মাসিস্ট) | সদস্য |
| (৬) | জনাব জিল্লুর রহমান<br>জি এম (প্রোডাকশান), ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিঃ | সরকার কর্তৃক মনোনীত<br>(রেজিস্টার্ড ফার্মাসিস্ট) | সদস্য |
| (৭) | অধ্যাপক এস এম আব্দুর রহমান<br>ডিন, ফার্মেসি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সরকার কর্তৃক মনোনীত<br>(রেজিস্টার্ড ফার্মাসিস্ট) | সদস্য |
| (৮) | অধ্যাপক ইসমাইল খান<br>ভাইস চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সরকার কর্তৃক মনোনীত<br>(অধ্যাপক, ফার্মাকোলজি) | সদস্য |
| (৯) | অধ্যাপক খান আবুল কালাম আজাদ<br>অধ্যাপক, মেডিসিন বিভাগ ও অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা | সরকার কর্তৃক মনোনীত<br>(অধ্যাপক, মেডিসিন) | সদস্য |
| (১০) | জনাব এম মোসাদ্দেক হোসেন<br>সদস্য, কার্যনির্বাহী পরিষদ, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি | বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি<br>কর্তৃক মনোনীত | সদস্য |
| (১১) | জনাব ডাঃ হাসানুর রহমান<br>সদস্য, কেন্দ্রীয় কার্যকরী পরিষদ, বিএমএ, ১৫/২, তোপখানা রোড, ঢাকা | বিএমএ কর্তৃক মনোনীত | সদস্য |
| (১২) | জনাব মোঃ আব্দুল হাই<br>সদস্য, কেন্দ্রীয় পরিচালনা পরিষদ, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি | বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট<br>সমিতি কর্তৃক মনোনীত | সদস্য |
| (১৩) | জনাব মোঃ নাসের শাহরিয়ার জাহেদী, চেয়ারম্যান,<br>রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিঃ, ২২/১, ধানমন্ডি, রোড-২, ঢাকা-১২০৫ | বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল<br>সোসাইটি কর্তৃক মনোনীত | সদস্য |
| (১৪) | অধ্যাপক ড. মোঃ আনোয়ার উল ইসলাম<br>অধ্যাপক, ফার্মেসি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল<br>সোসাইটি কর্তৃক মনোনীত | সদস্য |
| (১৫) | জনাব মোঃ হাসান কাউসার, সহযোগী অধ্যাপক, স্টেট ইউনিভার্সিটি অব<br>বাংলাদেশ, ৭৭, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫ | বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল<br>সোসাইটি কর্তৃক মনোনীত | সদস্য |

২। বর্ণিত সদস্যবৃন্দ যারা পদাধিকারবলে নিযুক্ত নন, তারা কাউন্সিলের প্রথম অধিবেশনের তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য এই কাউন্সিলের সদস্য পদে বহাল থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল ওহাব খান**
উপসচিব।